

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৮৪

সোনামুড়া, ৩১ অক্টোবর, ২০২৪

নলছড় ব্লকে উন্নয়ন কর্মসূচি নিয়ে পর্যালোচনা সভা

সিপাহীজলা জেলার নলছড় ব্লকে গতকাল ব্লকের বিভিন্ন উন্নয়ন কর্মসূচি নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল। সভায় গ্রামোন্নয়ন, পূর্ত, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন, শিক্ষা, স্বাস্থ্য, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, বিদ্যুৎ, কৃষি, প্রাণীসম্পদ বিকাশ, জল সম্পদ, মৎস্য দপ্তরের প্রতিনিধিগণ গত অর্থবছর ও চলতি অর্থবছরের বিভিন্ন উন্নয়ন কর্মসূচির অগ্রগতির চিত্র তুলে ধরেন। সভায় জেলাশাসক নলছড় ব্লক এলাকায় গ্রামীণ সড়ক নির্মাণ, আবাসন, পানীয়জল, শিক্ষার পরিকাঠামো, বিদ্যুতায়ন ও স্বসহায়ক দলের সদস্যদের স্বনির্ভর করে তোলার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, কর্ম পরিকল্পনা অনুসারে উন্নয়ন কর্মসূচি রূপায়ণে গুরুত্ব দিতে হবে। সভায় সোনামুড়া মহকুমার মহকুমা শাসক এম কে চাকমা, বিডিও সুরনজিত সরকার, ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত ও ভিলেজের পঞ্চায়েত সচিব এবং জিআরএসগণ উপস্থিত ছিলেন।
